

“ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালকের কার্যালয়
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ
পূর্ব শাহী ঈদগাহ, টিবি হাসপাতাল রোড, সিলেট।
ফোন-০২৯৯৭৭০০৪৬০, E-mail: dirfpsyl@gmail.com

স্মারক নং : ৫৯.১১.০০০০.০০২.১৮.০০৭.১৯ - ২০৫

তারিখ: ১০-০৩-২০২৪খ্রি.।

অফিস আদেশ

জনাব বরণ ছত্রী, পরিবার পরিকল্পনা সহকারী, জৈন্তাপুর, সিলেট (সংযুক্ত- জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট) কে সিলেট জেলা পর্যায়ের নিয়োগে এখতিয়ার বহির্ভূত ও বেআইনিভাবে এবং দুর্নীতির আশ্রয় নিয়ে জেলা নিয়োগ ও বাছাই কমিটির সুপারিশ বর্হিভূত ০৮ (আট) জনের অনুকূলে নিয়োগ পত্র জারি সংক্রান্ত রজুকৃত মামলার সহিত সংশ্লিষ্টতার কারণে গত ১৭-০৮-২০২৩খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার সময় জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট হতে সিআইডি মেট্রো ও জেলা, সিলেট কর্তৃক শ্রেফতার করা হয়।

০২। এমতাবস্থায় বর্ণিত কর্মচারীকে প্রশাসনিক কারণে এবং এর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা ০১-০২-২০২৪খ্রি. তারিখের ৫৯.১১.০০০০.১৫৩.২৭.০০১.২৪-৮১ নং স্মারকে প্রেরিত পত্রের আলোকে সরকারি চাকরি আইন ২০১৮ এর ধারা ৩৯ (২) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি -১২(১) অনুযায়ী ভূতাপেক্ষভাবে জেল হাজতে প্রেরণের তারিখ ১৭-০৮-২০২৩খ্রি. হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০৩। বর্ণিত কর্মচারী প্রচলিত বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


১৭/৩/২৪

মো : মাজহারুল হক চৌধুরী

পরিচালক


পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।

তারিখ : ১০-০৩-২০২৪খ্রি.।

স্মারক নং : ৫৯.১১.০০০০.০০২.১৮.০০৭.১৯ - ২০৫/১(৯)

অনুলিপি সদয় অবগতি/অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১. মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০২. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০৩. উপপরিচালক (পার্সোনেল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০৪. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট।
০৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), জৈন্তাপুর, সিলেট।
০৬. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট।
০৭. জনাব বরণ ছত্রী, পরিবার পরিকল্পনা সহকারী, জৈন্তাপুর, সিলেট (সংযুক্ত- জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট)।
০৮. অফিস নথি।


১৭/৩/২৪

মো : মাজহারুল হক চৌধুরী

পরিচালক

পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।


১০.০৩.২০২৪